গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ অধিশাখা
www.cabinet.gov.bd

১৭ আশ্বিন ১৪২৩

নম্বর-০৪.০০.০০০০.৫২২.১২৬.১৯.১৩.৩৩০ তারিখ:--------------------

০২ অক্টোবর ২০১৬

**বিষয়: আইনশৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত দৈনিক/সাপ্তাহিক প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-মপবি/মাপ্রস/৫(৭৩)/২০০৪-২০০৫/১১৩ তারিখ: ০৬.১০.২০০৫।
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-মপবি/মাপ্রস/৯(৭৭)/২০০৯/২৪৬ তারিখ: ২৪.৮.২০০৯।
(৩) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.৫২২.০০৪.০০.০২.২০১০-৬২ তারিখ: ২৫ জুলাই ২০১০।
(৪) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর- ০৪.০০.০০০০.৫২২.৭১.০৭.১২-১১২ তারিখ: ০১ আগস্ট ২০১৩।
(৫) সেপ্টেম্বর ২০১৬ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ (১), (২) ও (৩) নম্বর স্মারকে যথাক্রমে আইনশৃঙ্খলা সংক্রান্ত দৈনিক প্রতিবেদন, সাপ্তাহিক প্রতিবেদন অথবা কমিউনিটি পুলিশিং ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা দেওয়া হয়। তাছাড়া, সূত্রস্থ (৪) নম্বর স্মারকে জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনা সংক্রান্ত দৈনিক প্রতিবেদনও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। সূত্রস্থ সকল স্মারকের বিষয়বস্তু প্রায় একই রূপ হওয়ায় মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত একাধিক বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় সূত্রস্থ (১), (২) ও (৩) নম্বর স্মারকসমূহের উদ্ধৃতি দিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ না করার জন্য বিভাগীয় কমিশনারগণের মাধ্যমে জেলা প্রশাসকগণকে একাধিকবার অনুরোধ জানানো হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন জেলা হতে সূত্রস্থ (১), (২) ও (৩) নম্বর স্মারক উল্লেখপূর্বক আইনশৃঙ্খলা সংক্রান্ত দৈনিক প্রতিবেদন/সাপ্তাহিক প্রতিবেদন/ কমিউনিটি পুলিশিং ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন এখনও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হচ্ছে।

০২। আরও লক্ষ্য করা যাচ্ছে যে, সূত্রস্থ (৪) নম্বর স্মারক অনুযায়ী কোন কোন জেলা হতে লোমহর্ষক/বজ্রপাত/বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ/গুরুতর দুর্ঘটনা/ঘটনা ইত্যাদি সংক্রান্ত কোন প্রতিবেদন পাওয়া যাচ্ছে না অথবা কোন কোন প্রতিবেদনে উক্ত বিষয়সমূহের পূর্ণাঙ্গ বিবরণ উল্লেখ থাকে না। জেলা পর্যায়ে সরকারের প্রতিনিধি হিসাবে তাৎক্ষণিকভাবে ঘটনাস্থল পরিদর্শনের বিধান থাকলেও কোন কোন জেলা প্রশাসক দুর্ঘটনাস্থল পরিদর্শন করেন না।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে সূত্রস্থ (৪) নম্বর স্মারকটি আংশিক সংশোধনক্রমে কোন জেলায় স্পর্শকাতর/চাঞ্চল্যকর/লোমহর্ষক/ বজ্রপাত/বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ/গুরুতর দুর্ঘটনা/ঘটনা ইত্যাদি সংঘটিত হলে নিম্নোল্লিখিত নির্দেশনা অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল:

(ক) স্পর্শকাতর/চাঞ্চল্যকর/লোমহর্ষক/বজ্রপাত/বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ/গুরুতর দুর্ঘটনা/ঘটনা ইত্যাদি সংক্রান্ত গুরুতর ঘটনা সংঘটিত হলে সংশ্লিষ্ট জেলার জেলা ম্যাজিস্ট্রেট তাৎক্ষণিকভাবে ঘটনাস্থল পরিদর্শন করবেন। তবে, সংঘটিত ঘটনা লঘুতর হলে বাস্তব অবস্থা বিবেচনাপূর্বক তাঁর প্রতিনিধি ঘটনাস্থল পরিদর্শন করতে পারেন;

(খ) ঘটনার বিষয়ে তাৎক্ষণিকভাবে টেলিফোন অথবা মোবাইল ফোনের মাধ্যমে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে;

(গ) ঘটনা সংঘটনের চার ঘন্টার মধ্যে প্রাথমিক প্রতিবেদন এবং গৃহীত আইনগত পদক্ষেপ ও ঘটনার সার্বিক তথ্যাদি উল্লেখপূর্বক নির্ধারিত ছকে ২৪ ঘন্টার মধ্যে পূর্ণাঙ্গ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

(ঘ) ঘটনাস্থলে উপস্থিত থেকে দুর্ঘটনা সংক্রান্ত কার্যক্রমের তদারকি ও সমন্বয় সাধন করতে হবে;

(ঙ) আহতদের প্রয়োজনীয় চিকিৎসার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(চ) নিহত ব্যক্তি/ব্যক্তিবর্গের আত্মীয়-স্বজন দুর্ঘটনার কারণে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগত পদক্ষেপ গ্রহণে অনীহা প্রকাশ করলে দ্রুততার সঙ্গে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক লাশ সংশ্লিষ্ট আত্মীয়-স্বজনদের নিকট হস্তান্তর করতে হবে;

(ছ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের "মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩"/বিদ্যমান অন্যান্য বিধান অনুযায়ী নিহত/আহত ব্যক্তির জন্য আর্থিক সহায়তা দেওয়ার প্রয়োজনীয়তা অনুভূত হলে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করে নিহত ব্যক্তির আত্মীয়-স্বজন/আহত ব্যক্তি অথবা তাঁর আত্মীয়-স্বজনদের যতদূর সম্ভব ঘটনাস্থলে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করতে হবে;

(জ) প্রযোজ্যক্ষেত্রে এল.আর. ফান্ড হতে নিহত ব্যক্তির আত্মীয়-স্বজন/আহত ব্যক্তি অথবা তাঁর আত্মীয়-স্বজনদেরকে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করা যেতে পারে;

(ঝ) উল্লিখিত গুরুতর ঘটনার পরিপ্রেক্ষিতে তদন্ত-কমিটি গঠনের আবশ্যকতা থাকলে সংশ্লিষ্ট অংশীজনকে নিয়ে তদন্ত কমিটি গঠন করতে হবে;

(ঞ) তদন্ত-কমিটির সুপারিশসহ মতামত উল্লেখপূর্বক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে;

(ট) এ সব দুর্ঘটনা/ঘটনা রোধকল্পে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রয়োজনে সরকারের নিকট সুপারিশ প্রেরণ করা যেতে পারে;

(ঠ) উল্লেখযোগ্য কোন ঘটনা না ঘটলে মন্ত্রিপরিষদ বিভাগে শূন্য প্রতিবেদন প্রেরণ অথবা বিভাগীয় কমিশনারের মাধ্যমে উপর্যুক্ত বিষয়ে কোন প্রতিবেদন প্রেরণের আবশ্যকতা নেই; এবং

(ড) স্পর্শকাতর/চাঞ্চল্যকর/লোমহর্ষক/বজ্রপাত/বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ/গুরুতর দুর্ঘটনা/ঘটনা ইত্যাদি সংক্রান্ত গুরুতর ঘটনা সংঘটিত হলে নিম্নোল্লিখিত ছকে মন্ত্রিপরিষদ বিভাগের জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ অধিশাখার ই-মেইল নম্বর: cjme_sec@cabinet.gov.bd-এ নিকস ফন্টে প্রতিবেদন প্রেরণ করতে হবে:

| জেলা | ঘটনার তারিখ, সময় ও স্থান | ঘটনার সংক্ষিপ্ত বিবরণ | গৃহীত পদক্ষেপ | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | | | |

নাম:........................................

জেলা ম্যাজিস্ট্রেট, ................জেলা।

০৪। মন্ত্রিপরিষদ বিভাগ হতে ইতঃপূর্বে জারিকৃত সূত্রস্থ (১), (২) ও (৩) নম্বর স্মারক এতদ্বারা বাতিল করা হল।

০১/১০/১৬

(মো: মাকছুদুর রহমান পাটওয়ারী)
অতিরিক্ত সচিব (জেলা ও মাঠপ্রশাসন)
ফোন নম্বর: ০২-৯৫৭৩৮৩৩
ফ্যাক্স নম্বর: ০২-৯৫৭৩৫৩৩
ই-মেইল: addl_dfa@cabinet.gov.bd

জেলা ম্যাজিস্ট্রেট, . . . (সকল)

**অনুলিপি:**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, . . . (সকল)।

*D:\CJME\Home Ministry.doc\law - pori pori\Home Letter.doc*